২০২৩

বাংলা — সাধারণ

তৃতীয় সেমেস্টার

পত্র : GE/CC-3

(বাংলা কাব্য-কবিতা ও নাটক)

পূর্ণমান - ৬৫

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। (ক) অভিসার বলতে কী বোঝায়? এই পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা কে? পাঠ্যপদ অবলম্বনে তাঁর কৃতিত্বের পরিচয় দাও। ৩+১+৬

অথবা,

(খ) "অঙ্কুর তপন তাপে যদি জারব"— কোন পর্যায়ের পদ? পদকর্তা কে? পদটির কাব্য-সৌন্দর্য বিশ্লেষণ করো। ১+১+৮

২। (ক) 'পুনশ্চ' কাব্যগ্রন্থের 'প্রথম পূজা' কবিতার মর্মবস্তু নিজের ভাষায় লেখো। ১০

অথবা,

(খ) 'কেউ কথা রাখেনি' কবিতায় জীবনের বিভিন্ন অভিজ্ঞতা ও বক্তার আশাহত হবার কারণগুলি সংক্ষেপে লেখো। ১০

৩। (ক) 'রাজা ও রানী' নাটকে সুমিত্রা চরিত্রটি বিশ্লেষণ করো। ১০

অথবা,

(খ) 'রাজা ও রানী' নাটকের বিভিন্ন চরিত্রের সংলাপ সম্পর্কে আলোচনা করো। ১০

৪। (ক) "গাগরি বারি ঢারি করি পীছল"— কোন পর্যায়ের পদ? পদকর্তা কে? রাধা যাত্রার জন্য কী কী প্রস্তুতি নিয়েছেন লেখো? ১+১+৩

অথবা,

(খ) "কি মোহিনী জান বঁধু কি মোহিনী জান"— কোন পর্যায়ের পদ? পদকর্তা কে? প্রসঙ্গ নির্দেশ করে অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+১+৩

৫। (ক) "আধমরা হয়েও বেঁচে ওঠে।"— কার কথা বলা হয়েছে? কেন আধমরা হয়েছিল? ১+৪

অথবা,

(খ) "দিনের ভাগাড়ে নামে রাতের শকুন"— এমন কথা বলার কারণ কী তা নিজের ভাষায় লেখো। ৫

৬। (ক) "শাস্ত্র নাই, মন্ত্র নাই, নাই কোনো ব্রাহ্মণ্য-বালাই"— বক্তা কে? কেন এই উক্তি করেছেন ব্যাখ্যা করো। ১+৪

অথবা,

(খ) "অনুস্বর ধনুঃস্বর নহে, মহারাজ
কেবল টংকার মাত্র।"

—বক্তা কে? মহারাজ কে? অনুস্বর কী? ১+১+৩

৭। *যে-কোনো একটি* প্রশ্নের উত্তর দাও।

(ক) "বহুদিন পরে বঁধুয়া এলে"— পদকর্তা কে? কোন পর্যায়ের পদ? সংক্ষেপে তাৎপর্য ব্যাখ্যা করো। ১+১+৩

(খ) 'সাধারণ মেয়ে' কবিতায় সাধারণ মেয়ের জীবনযুদ্ধের সংক্ষিপ্ত বর্ণনা দাও। ৫

(গ) 'রাজা ও রানী'- নাটকের সঙ্গীত ব্যবহারের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

৮। পূর্ণবাক্যে সংক্ষেপে উত্তর দাও। ১×১৫

(ক) "তাতল সৈকত বারি-বিন্দুসম"— 'তাতল' শব্দের অর্থ কী?

(খ) "দাঁড়াইয়া নন্দের আগে"— পদটির পদকর্তা কে?

(গ) "দরশ পরশ লাগি আউলাইছে গা"— 'আউলাইছে' শব্দের অর্থ কী?

(ঘ) "সখি কি পুছসি অনুভব মোয়"— কোন পর্যায়ের পদ?

(ঙ) 'কেউ কথা রাখেনি'— কবিতায় কোন তিথির উল্লেখ আছে?

(চ) 'সাধারণ মেয়ে' কবিতায় কাকে গল্পের বই লেখার অনুরোধ করেছিল?

(ছ) 'বাঁশি' কবিতায় গোয়ালার নাম কী?

(জ) 'নষ্টনীড়' কবিতার মূল কাব্যগ্রন্থের নাম কী?

(ঝ) 'দেশ দেখাচ্ছ অন্ধকারে' কবিতায় কোন ফুলের গাছের উল্লেখ আছে?

(ঞ) 'কেউ কথা রাখেনি' কবিতার কথকের প্রেমিকার নাম কী?

(ট) 'রাজা ও রানী' নাটকের প্রকাশকাল কত?

(ঠ) বিক্রমদের কোথাকার রাজা ছিলেন?

(ড) ইলা কে ছিলেন?

(ঢ) 'থাকি যবে গৃহ কাজে'— বক্তা কে?

(ণ) 'রাজা ও রানী' নাটকটির কয়টি অংক?